# B. A. GENERAL (BAG)
# Term-End Examination
# June-2026

## BBGLA-135 : MODERN INDIAN LANGUAGE : BENGALI

*Duration : 3 Hours* *Maximum Marks: 100*



## বিএ সাধারণ কার্যক্রম

মেয়াদ শেষ পরীক্ষা

জুন - 2026

**BBGLA-135** : আধুনিক ভারতীয় ভাষা – বাংলা

সময় : 3 ঘন্টা সর্বোচ্চ মান : 100

---

নিচের প্রশ্নগুলির উত্তর দিন।

1) উচ্চারণগতভাবে বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ করে তাদের পরিচয় দিন। 10

2) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে ? এই পুঁথিটির ভাষা কোন স্তরের বাংলা ভাষার নিদর্শন ? এই ভাষার যে-কোনো ছয়টি বৈশিষ্ট্য লিখুন। 10

3) ছেলে-ভুলানো ছড়া কাকে বলে? উদাহরণসহ পরিচয় প্রদান করুন। 10

4) 'করুণাসাগর বিদ্যাসাগর' গ্রন্থটির পাঠ্য অংশ অবলম্বনে ঈশ্বরচন্দ্রের ছেলেবেলার লেখাপড়ার সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দিন। 10

5. নিচের শূন্যস্থান পূরণ করুন। 10

a) রাজমহল পাহাড়ে ___ বাস।

b) আদি অস্ট্রেলীয়দেরই ___ বলা হয়।

c) বাংলাদেশে ___ আক্রমণ এবং তার প্রভাব বাংলার জনমানস ভুলতে পারেনি।ছ

d) ১৮৩১ সাল থেকে সংস্কৃত কলেজে ঈশ্বর মাসিক ___ টাকা বৃত্তি পেত।

e) সার্থক ভ্রমণ সাহিত্য হিসেবে সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা ___ গ্রন্থটি বিখ্যাত হয়ে আছে।

f) ___ বান্ধাইলা নাও পিতলের গুড়া রে।

g) চৈতন্যপূর্ব যুগের দুজন বিখ্যাত কবি হলেন ___ ও ___।

h) ওষ্ঠকে দুদিকে প্রসারিত করে যে স্বরধ্বনির উচ্চারণ করা হয়, তাকে ___ বলে।

i) ১৯৭৭ সালে আসামের জোড়হাটে একটি নারী-সাহিত্য-সম্মেলনে অতিথি হয়ে গিয়ে নবনীতা দেবসেন ___ ভ্রমণের সুযোগ পেয়েছিলেন।

j) এসো হে আর্য, এসো হে ___, হিন্দুমুসলমান ___ এসো এসো আজ তুমি ইংরাজ, এসো এসো খ্রীষ্টান।

6. সঠিক উত্তর চয়ন করে নিচের বাক্যগুলি সম্পূর্ণ করুন। 10

a) গন্ধ বেনেদের ব্যবসা হয় -

পিতলের / লোহার / তামার / সোনার

b) আধবুড়ো বাতের রুগীরা কি করছেন?

সূর্য নমস্কার / মর্নিং ওয়াক / ইভনিং ওয়াক / গঙ্গাস্নান

c) চর্যাপদের আবিষ্কর্তা ছিলেন -

হর প্রসাদ শাস্ত্রী / বসন্তরঞ্জন রায় / বিদ্যাপতি / চন্দ্রাবতী

d) গির্জার ঘড়িতে টুং টাং টুং টাং টাং ঢং করে কটা বাজত -

রাত চারটে / দুপুর দুটো / সকাল আটটা / বেলা তিনটে

e) বাঙ্গালীদের দুর্নাম আছে -

ভেতো বাঙালি বলে / অলস বলে / অভিমানী বলে / রাগী বলে

f) "কুড়ি"শব্দটি কাদের দান -

অস্ট্রিকের / মোঙ্গোলদের / আর্যদের / মারাঠিদের

g) একদিন খেতে বসে ঈশ্বর দেখল তরকারির মধ্যে একটা -

পিঁপড়ে / মৌমাছি / টিকটিকি / আরশোলা

h) মানসিং সত্যিই মাননীয়, কারণ সে খুব □ সাদা ঘোড়া □ বুনো শুয়োর □ উঁচু হাতি □ গোঁফওয়ালা সৈন্য

i) "ভারততীর্থ" কবিতার কবি -

রবীন্দ্রনাথ ঠাকুর / নজরুল ইসলাম / সুকুমার রায় / জীবনানন্দ দাশ

j) শঙ্খ ঘোষের প্রিয় ছাত্র ছিলেন -

শিশির দাস / তিমির বরণ সিংহ / অমর মিত্র / দীনেশ দাশ

7. নিম্নলিখিত শব্দসমুহ সাধু থেকে চলিতে রূপান্তরিত করুন। 5

কাঁদিয়া, গিয়াছিল, অঙ্গুলি, ঘর্ম, পড়িতে

8. নিচের শব্দগুলির একটি করে সমার্থক শব্দ লিখুন। 5

সাগর, পাহাড়, আকাশ, বৃহৎ, অশ্রু

9. নিচের শব্দগুলির বিপরীতার্থক শব্দ লিখুন। 5

কান্না, মৃত্যু, প্রাচীন, বাস্তব, অশান্তি

10. "মাথা" পদটিকে পাঁচটি বিশিষ্ট অর্থে প্রয়োগ করুন। 5

11. নিচের প্রশ্নগুলির উত্তর লিখুন। 10

a) পৃথিবীর সাড়ে চার হাজার ভাষাকে ক'টি ভাষাবংশে ভাগ করা হয়েছে ?

b) চর্যাপদ কোন বাংলা ভাষার নিদর্শন ?

c) আদি মধ্য বাংলা ভাষার সময়সীমা লিখুন।

d) বৃন্দাবন দাসের লেখা চৈতন্য জীবনী কাব্যের নাম কী ?

e) সন্ধি ছাড়াই পাশাপাশি দুটি বা তার বেশি শব্দ যখন মিলিত হয়ে একসাথে বসে, একটি শব্দে পরিণত হয়, তাকে কী বলে ?

f) "আগডুম বাগডুম" ছড়ার প্রথম ছত্রটিতে কিসের বর্ণনা দেওয়া হয়েছে?

g) কত সালে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সংস্কৃত কলেজে ভর্তি হলেন?

h) অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলীর একজন কবির নাম লিখুন।

i) "রথের রশি" নাটকের রচয়িতা কে ছিলেন ? এর রচনাকাল কি ছিল ?

j) "আত্মসর্বস্ব" গল্পে শবরী'র মায়ের নাম কি ছিল ?

12. টীকা লিখুন। 2×5=10

নকশা, লোকসঙ্গীত, কালীপ্রসন্ন সিংহ, চন্ডীমঙ্গল কাব্য, ধ্বনি ও বর্ণ